# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৫৩৩ তারিখঃ ০৮.০৮.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ** **ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও যথাযথভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্রঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নং- ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০২৩.১৯-৪৩৮; তারিখঃ ০৭ আগস্ট ২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল আযহার সরকারি ছুটি উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠান ১২দিন বন্ধ থাকবে। এ সময়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক-কর্মচারীগণ উপস্থিত থাকবেন না। ফলে খেলার মাঠ, ফুলের টব, পানি জমে এমন যে কোন পাত্রে এডিস মশার প্রজনন প্রক্রিয়া আরও বেগবান হয়ে উঠতে পারে। ফলে সরকার কর্তৃক গৃহীত ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম ক্ষতিগ্রস্থ ও ডেঙ্গুর আরও বিস্তার হওয়ার আশঙ্কা রয়েছে। পবিত্র ঈদ-উল-আযহার ছুটির সময় এডিস মশার প্রজনন রোধে দেশের সকল কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে কি কি ব্যবস্থা গ্রহণ করতে হবে সে বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত স্মারকে পরিপত্র জারি করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও যথাযথভাবে তা বাস্তবায়নের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮.০৮.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) অধ্যক্ষ/সুপার;
২) সভাপতি/সদস্যবৃন্দ, গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৫৩৩(৯) তারিখঃ ০৮.০৮.২০১৯খ্রিঃ

অনুলিপি- জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, সকল।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা শিক্ষা অফিসার, সকল।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৬. প্রোগ্রামার (আইটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধসহ)
৭. পিওটু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. পিএটু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

08.08.19

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪

E:\G\Admin\Shujan\Ministry\2019\19-438

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০২৩.১৯-৪৩৮

তারিখ: ২৩ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ / ০৭ আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

সারা দেশে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ নিরলস কার্যক্রম অব্যাহত রেখেছে। এর ধারাবাহিকতায় দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ডেঙ্গু প্রতিরোধের জন্য সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছে। পবিত্র ঈদ-উল-আযহার সরকারি ছুটি উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠান ১২ দিন বন্ধ থাকবে। এ সময়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক-কর্মচারীগণ উপস্থিত থাকবেন না। ফলে খেলার মাঠ, ফুলের টব, পানি জমে এমন যে কোন পাত্রে এডিস মশার প্রজনন প্রক্রিয়া আরও বেগবান হয়ে উঠতে পারে। এতে সরকার কর্তৃক গৃহীত ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম ক্ষতিগ্রস্থ ও ডেঙ্গুর আরও বিস্তার হওয়ার আশঙ্কা রয়েছে।

বর্ণিতাবস্থায়, পবিত্র ঈদ-উল-আযহার ছুটির সময় এডিস মশার প্রজনন রোধে দেশের সকল কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

১.১ আগামী ১২-১৩ আগস্ট, ২০১৯ ব্যতীত প্রত্যহ শিক্ষা প্রতিষ্ঠানের অফিস কক্ষ খোলা রাখতে হবে;

১.২ ঈদ-উল-আযহার ছুটির সময় একজন শিক্ষক এর নেতৃত্বে কর্মচারী, স্কাউটস, বি.এন.সি.সি এবং শিক্ষার্থী সমন্বয়ে ৬ জন থেকে ১০ জনের টিম গঠন করে শিক্ষা প্রতিষ্ঠান এবং এর আশেপাশে যে সব জায়গায় স্বচ্ছ পানি জমার সম্ভাবনা থাকে (যেমন: ফুলের টব, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসির পানি জমার ট্রে, বাথরুমের পানির বদনা, পানির বালতি, হাইকমোড, আইসক্রিমবক্স, প্লাষ্টিক বক্স, ডাবের খোসা, টায়ার ইত্যাদি) সে সব জায়গা চিহ্নিত করে ০১ দিন অন্তর অন্তর পরিষ্কার করতে হবে;

১.৩ বাথরুমের বদনা এবং বালতি পানি শূন্য করে উল্টিয়ে রাখতে হবে। হাইকমোডে হারপিক ঢেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে। বাথরুমের প্যানে হারপিক ঢেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ করে রাখতে হবে;

১.৪ কোন জায়গায় জমাটবদ্ধ পানি থাকলে লার্ভিসাইড স্প্রে করতে হবে অথবা জমাটবদ্ধ পানি নিষ্কাশন করতে হবে;

১.৫ রোস্টার ডিউটির মাধ্যমে প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে; এবং

১.৬ ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রমে সিটি কর্পোরেশন/পৌরসভার এ সংক্রান্ত টিমে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদের কেউ ঈদের ছুটিতে গেলে তদস্থলে উপযুক্ত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ নিশ্চিত করতে হবে।

স্বাক্ষরিত/-

তারিখ: ০৭.০৮.২০১৯
(মুনশী শাহাবুদ্দীন আহমেদ)
সচিব

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০২৩.১৯-৪৩৮(১২)/৬

তারিখ: ২৩ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ / ০৭ আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ

**প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা-০২

৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার ...................................................................(সকল)।
৬. পুলিশ কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৭. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারদের-কে বর্ণিত কার্যক্রম মনিটরিং করাসহ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহের অনুরোধসহ)।
৮. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার ৩৭ ঢাকা ,এ ইস্কাটন রোড/৩/(সকল মাদ্রাসায় অনুলিপি প্রদান করে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারদের-কে বর্ণিত কার্যক্রম মনিটরিং করাসহ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহের অনুরোধসহ)।
৯. জেলা প্রশাসক, .........................................................(সকল)।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১১. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা।
১২. উপজেলা নির্বাহী অফিসার, ...............................................(সকল)।

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা **(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**

০৭/০৮/১৯

(এস. এম. হুমায়ূন কবীর)
সহকারী সচিব
jstmed7@gmail.com